# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org


## বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতির সকল সম্মানিত সদস্যের অবগতির জন্যঃ

আগামী ২৭/০৯/২০২৫ ইং অরিখ অনুষ্ঠিতব্য বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদক ও বিপনন সমিতির বিশেষ সাধারণ সভা-২০২৫ এ উপস্থাপন ও বিবেচনার জন্য সমিতির বিদ্যমান গঠনতন্ত্রের ধারা-উপ-ধারার সংশোধন, সংযোজন ও বিয়োজন প্রস্তাব সম্মানিত সদস্যদের অবগতির জন্য ০৬/০৯/২০২৫ইং তারিখ সমিতির ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

ধন্যবাদসহ

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

(এম এ সাঈদ)
সভাপতি (ভারপ্রাপ্ত)

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org


## বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ

<table>
<tr><th>অনুচ্ছেদ নম্বর</th><th colspan="3">বিদ্যমান বিধান</th><th colspan="3">প্রস্তাবিত বিধান</th><th>যৌক্তিকতা</th></tr>
<tr><td>৪ (গ)</td><td colspan="3">সাধারণ সদস্য ও সহযোগী সদস্য প্রত্যেকে কার্যনির্বাহী কমিটির সদস্যপদে প্রতিদ্বন্দ্বিতা ও ভোট প্রদানের অধিকারী হইবেন। তবে কার্যনির্বাহী কমিটির সদস্য পদে নির্বাচিত কোন সহযোগী সদস্য সভাপতি, সাধারণ সম্পাদক অথবা কোষাধ্যক্ষ পদে নির্বাচিত হইতে পারিবেন না।</td><td colspan="3">সাধারণ সদস্য ও সহযোগী সদস্য প্রত্যেকে কার্যনির্বাহী কমিটির সকল পদে প্রতিদ্বন্দ্বিতা করিবার অধিকারী হইবেন এবং একইভাবে ভোট প্রদানেও সমান অধিকারী হইবেন।</td><td>সদস্যদের কল্যাণে সমিতির কার্যক্রম গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে সদস্যদের মধ্যে বৈষম্য দূরীকরণ এবং সকল শ্রেণীর সদস্যকে সমিতির কার্যক্রমে অংশ গ্রহণের সুযোগ সৃষ্টির জন্য সংশোধন</td></tr>
<tr><td rowspan="3">৫ (ক)</td><td>সদস্য শ্রেণী</td><td>ভর্তি ফি</td><td>বাৎসরিক চাঁদা</td><td>সদস্য শ্রেণী</td><td>ভর্তি ফি</td><td>বাৎসরিক চাঁদা</td><td rowspan="3">বানিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এর ১৪(৩) ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন</td></tr>
<tr><td>সাধারন সদস্য</td><td>১,০০০/-</td><td>১,০০০/-</td><td>সাধারন সদস্য</td><td>১৫,০০০/-</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>সহযোগী সদস্য</td><td>৫,০০/-</td><td>৫,০০/-</td><td>সহযোগী সদস্য</td><td>১৫,০০০/-</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৫ (খ)</td><td colspan="3">বাৎসরিক চাঁদা প্রতি বৎসর ১লা জানুয়ারী তারিখে প্রদেয় হইবে এবং সংশ্লিষ্ট বৎসরের ৩১শে মার্চ এর মধ্যে পরিশোধ করিতে হইবে, তবে বিশেষ পরিস্থিতি বিবেচনায় কার্যনির্বাহী কমিটি চাদা পরিশোধের সময়সীমা বর্ধিত করিতে পারিবে।</td><td colspan="3">বাৎসরিক চাঁদা প্রতি বৎসর ১লা জানুয়ারী তারিখ হইতে প্রদেয় হইবে এবং সংশ্লিষ্ট বৎসরের ৩১শে মার্চ এর মধ্যে পরিশোধ করিতে হইবে, তবে বিশেষ পরিস্থিতি বিবেচনায় কার্যনির্বাহী কমিটি ০১ (এক) মাস পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবে।</td><td>বানিজ্য সংগঠন বিধিমালা -২০২৫ এর ১৪(৯) ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন</td></tr>
<tr><td>৫ (গ)</td><td colspan="3">কোন সদস্য প্রদেয় চাঁদা নির্ধারিত সময় অথবা সম্পসারিত সময় এর মধ্যে পরিশোধ না করে তবে উহার সদস্যপদ বাতিল বলিয়া গন্য হইবে।</td><td colspan="3">কোন সদস্য নির্ধারিত সময় অথবা বর্ধিত সময়ের মধ্যে প্রদেয় নির্ধারিত চাঁদা পরিশোধ না করে তবে তাহার সদস্যপদ স্থগিত করা হইবে।</td><td>বানিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এর ১৪ (১১) ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন</td></tr>
<tr><td>৫ (ঘ)</td><td colspan="3">চাঁদা পরিশোধ না করিবার কারনে কোন সদস্যপদ বাতিল হইলে তিনি কার্যনির্বাহী পরিষদের অনুমোদন স্বাপেক্ষে পুনঃ ভর্তি ফি এবং বকেয়া চাঁদা পরিশোধ করিয়া সদস্যপদ পুনরায় গ্রহন করিতে পারিবেন।</td><td colspan="3">নির্দারিত সময়ে চাঁদা পরিশোধ না করিবার কারনে কোন সদস্যের সদস্যপদ স্থাগিত করা হইলে বকেয়া চাঁদার সাথে সমপরিমান অর্থ জরিমানা হিসাবে প্রদান করিয়া সদস্যপদ পুনঃ বহালের জন্য আবেদন করিলে কার্যনির্বাহী কমিটি আবেদনটি নিষ্পত্তি করিতে পারিবেন।</td><td>বানিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এর ১৪(১২) ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন</td></tr>
<tr><td>৯ (গ)</td><td colspan="3">আবেদন পত্রে প্রদত্ত ঠিকানা</td><td colspan="3">আবেদনে প্রতিষ্ঠানের ডাক ঠিকানা উল্লেখ করিতে হইবে। যাহা প্রতিষ্ঠানের রেজিষ্ট্রিকৃত ঠিকানা বলিয়া গণ্য হইবে।</td><td>বিষয়টি সদস্যদের সহজবোধ্য করার লক্ষ্যে সংশোধন</td></tr>
<tr><td>৯ (ঘ)</td><td colspan="3">প্রত্যেক সদস্য কোন নাম ঠিকানা পরিবর্তন করিলে সাধারণ সম্পাদকের নিকট নোটিশ প্রদান করিবেন এবং পরিবর্তিত ঠিকানা তাৎক্ষনিকভাবে রেজিষ্টারে লিপিবদ্ধ করিতে হইবে। লিপিবদ্ধকৃত ঠিকানা সদস্যগণের রিজিষ্ট্রিকৃত ঠিকানা বলিয়া গণ্য হইবে।</td><td colspan="3">কোন সদস্য প্রতিষ্ঠানের নাম বা ঠিকানা পরিবর্তন করিলে সমিতির সভাপতির নিকট লিখিত নোটিশ প্রদান করিবেন। সভাপতি পরিবর্তিত ঠিকানা তাৎক্ষনিক ভাবে রেজিষ্টারে লিপিবদ্ধ করিবেন। রেজিষ্টারে লিপিবদ্ধ পরিবর্তিত ঠিকানা সদস্য প্রতিষ্ঠানের রেজিষ্ট্রিকৃত ঠিকানা বলিয়া গণ্য হইবে।</td><td>সাধারণ সম্পাদক পদ বিলুপ্ত হওয়ায় দায়িত্ব সুনিদৃষ্ট করার লক্ষ্যে সংশোধন</td></tr>
</table>

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org




**বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ**

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ১৫ (খ) | | (২য় প্যারায় সংযোজন হবে) তবে শর্ত থাকে যে দৈব দুর্বিপাক অথবা যুক্তিসঙ্গত অন্য কোন কারণে উল্লেখিত সময়ের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করিতে ব্যর্থ হইলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে নির্ধারিত ফরমে (ফরম-ঝ) মহাপরিচালক বরাবর কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে সময় বৃদ্ধির আবেদন করা যাইবে। মহাপরিচালক উক্ত আবেদন বিবেচনা করিয়া বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের জন্য অনাধিক ৩ (তিন) মাস সময় বৃদ্ধি করিতে পারিবেন। আরও শর্ত থাকে যে, মহা পরিচালকের নিকট বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের সময় বৃদ্ধির আবেদন পূর্ববর্তী বৎসরের বার্ষিক সাধারন সভা অনুষ্ঠানের তারিখের ১৫ (পনের) মাস অতিক্রান্ত হইবার পূর্বে দাখিল করিতে হইবে। | বাণিজ্যসংগঠন বিধিমালা-২০২৫ এর ৩১(২) ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন |
| ১৫ (খ) (১) | | খ) (১) নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করিতে ব্যর্থ হইলে অথবা নির্ধারিত সময়ের মধ্যে সভা অনুষ্ঠানের সময় বৃদ্ধির আবেদন দাখিল না করিলে অথবা বর্দ্ধিত সময়ের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করিতে ব্যর্থ হইলে সরকার সমিতিতে প্রশাসক নিয়োগ করিতে পারিবে। | বাণিজ্যসংগঠন বিধিমালা-২০২৫ এর ৩১(৪) ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন। |
| ১৫ (খ) (২) | | খ) (২) বার্ষিক সাধারণ সভার নোটিশ এবং বিশেষ সাধারণ সভার নোটিশ সভার জন্য নির্ধারিত তারিখের ২১ (একুশ) দিন পূর্বে সমিতির নোটিশ বোর্ডে টাঙ্গাইতে হইবে এবং সমিতির ওয়েব সাইট এবং অন্ততঃ একটি দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে | বাণিজ্যসংগঠন বিধিমালা-২০২৫ এর ৩১ (৫) ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন। |
| ১৫ (খ) (৩) | | (খ) (৩) সমিতির হালনাগাদ বৈধ সদস্যদের এক-তৃতীয়াংশের উপস্থিতিতে বার্ষিক সাধারণ সভা বা বিশেষ সাধারণ সভার কোরাম পূর্ণ হইবে। | বাণিজ্যসংগঠন বিধিমালা-২০২৫ এর ৩১ (৫) ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন। |
| ১৫ (ছ) | বিশেষ সাধারন সভার যখন কোন বিষয় আলোচিত হইবে তখন সভার নোটিশে আলোচনার বিষবস্তু, প্রকৃতি এবং সংশ্লিষ্ট একটি বিবরনী সংযোজন করিতে হইবে। কমিটির কোন সদস্যের সাথে কিংবা ব্যাবসায়িক স্বার্থে যদি কোন দলিল অনুমোদনের প্রয়োজন হয় তাহা হইলে উক্ত দলিল কোথায় কখন পরিদর্শন করানো যাইবে তাহাও বিবরণীতে উল্লেখ করিতে হইবে। | বিলুপ্ত | বিষয়টি গঠনতন্ত্রের ১৫(১) ধারায় অধিকতর স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে বিধায় উল্লিখিত ধারাটি বিলুপ্ত করার প্রস্তাব করা হলো। |
| ১৫ (২) (ক) | সমিতির সাধারণ পরিষদের কমপক্ষে ১০ ভাগের ১ অংশ সদস্য কর্তৃক কোন বিশেষ প্রস্তাব গ্রহণের উদ্দেশ্য ব্যক্ত করিয়া বিশেষ সাধারণ সভা আহবানের জন্য সমিতির সাধারণ সম্পাদকের নিকট তলবী দাখিল করিতে পারিবে। | সমিতির সাধারণ পরিষদের কমপক্ষে ১০ (দশ) ভাগের ১ (এক) ভাগ সদস্য কর্তৃক কোন বিশেষ প্রস্তাব গ্রহণের উদ্দেশ্য ব্যক্ত করিয়া বিশেষ সাধারণ সভা আহবানের জন্য সমিতির সভাপতির নিকট তলবী দাখিল করিতে পারিবে। | সাধারণ সম্পাদক পদ বিলুপ্ত বিধায় দায়িত্ব পুন: বিন্যাস সংক্রান্ত সংশোধন |

চলমান পাতা-৩

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org




## বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ১৫ (২) (খ) | সাধারণ সম্পাদক উক্ত তলব প্রাপ্তির পরবর্তী ৪৫ দিনের মধ্যে সভা আহ্বানের উদ্দেশ্যে একুশ দিনের মধ্যে বিশেষ সাধারণ সভার নোটিশ সাধারণ পরিষদ সদস্যদের মধ্যে বিতরণ করিবেন। যদি সাধারণ সম্পাদক তলব প্রাপ্তির একুশ দিনের মধ্যে যথারীতি সভা আহ্বান না করেন তবে তলবকারীগণের মধ্যে হইতে যে কেউ পদ্ধতিমত নোটিশ প্রদান করিয়া তলবী সভা আহ্বান করিতে পারিবেন। | সভাপতি উক্ত তলব প্রাপ্তির পরবর্তী ৪৫ দিনের মধ্যে সভা আহ্বানের উদ্দেশ্যে একুশ দিনের মধ্যে বিশেষ সাধারণ সভার নোটিশ সাধারণ পরিষদ সদস্যদের মধ্যে বিতরণ করিবেন। যদি সভাপতি তলব প্রাপ্তির একুশ দিনের মধ্যে যথারীতি সভা আহ্বান না করেন তবে তলবকারীগণের মধ্যে হইতে যে কেউ পদ্ধতিমত নোটিশ প্রদান করিয়া তলবী সভা আহ্বান করিতে পারিবেন। | সাধারণ সম্পাদক পদ বিলুপ্ত বিধায় দায়িত্ব পুন: বিন্যাস সংক্রান্ত সংশোধন |
| ১৭ | সাধারণ সভার বিজ্ঞপ্তি সমিতির সকল সদস্যদের নিকট ১৪(চৌদ্দ) দিন পূর্বে অবগত করাইতে হইবে। বিশেষ সাধারণ সভার জন্য ২১ (একুশ) দিনের নোটিশ প্রদান করিতে হইবে। দৈবক্রমে কোন সদস্য যতি উক্ত নোটিশ না পান তাহা হইলে উক্ত সভা বাতিল হইয়া যাইবে না। | বার্ষিক সাধারণ সভার নোটিশ এবং বিশেষ সাধারণ সভার নোটিশ সভার জন্য নির্ধারিত তারিখের অন্তত ২১ (একুশ) দিন পূর্বে সংগঠনের কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গাইতে হইবে এবং বানিজ্য সংগঠনের ওয়েব সাইট এবং অন্তত একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিত হইবে। | বানিজ্য সংগঠনের বিধিমালা-২০২৫ এর ৩১(৪) ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন |
| ২০ | **কোরাম**<br>সমিতির সাধারণ সভার প্রাক্কালে সমিতির সদস্য সংখ্যা ১০ জনের বেশী হইলে ৫ জনে কোরাম হইবে। সদস্য সংখ্যা ১০ জনের বেশী হইলে প্রতি ৫ জনে ১ জন হিসাবে উক্ত কোরামের সহিত যোগ হইবে। তবে কোন অবস্থাতেই কোরাম সংখ্যা ১ জনের বেশী হইবে না। | **কোরাম**<br>সমিতির হালনাগাদ বৈধ সদস্যদের এক তৃতীয়াংশের উপস্থিতিতে বার্ষিক সাধারণ সভা বা বিশেষ সাধারণ সভার কোরাম পূর্ণ হইবে। | বানিজ্য সংগঠনের বিধিমালা-২০২৫ এর ৩১(৫) ও (৬) ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন |
| ২৩ | বিশেষ সাধারণ সভার নোটিশে উল্লেখ ব্যতীত কোন আইন তৈরী পরিবর্তন-পরিবর্ধন বা বাতিল করা যাইবে না এবং নতুন কোন আইন যোগ বা তৈরী করা যাইবে না যদি না সমিতির সাধারণ সভায় ব্যক্তিগতভাবে ভোটাদানে ক্ষমতাপ্রাপ্ত উপস্থিত সদস্যদের তিন চতুর্থাংশের দ্বারা উক্ত আইন তৈরী বা বাতিল করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং সভার তারিখের পূর্বে প্রস্তাবিত পরিবর্তন পরিবর্ধন ও বাতিলের বিবরণ সম্বলিত ২১ দিনের নোটিশ প্রদান করা হয় এরুপ পরিবর্তন পরিবর্ধন ও বাতিল সেই তারিখ হইতে কার্যকর হইবে যে তারিখের সভায় তাহা প্রস্তাবিত হইয়াছে ও সিদ্ধান্ত গৃহিত হইয়াছে। | সমিতির গঠনতন্ত্রের কোন ধারা উপধরা বা আইন পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করার প্রয়োজন হলে বিশেষ সাধারণ সভার নোটিশে উল্লেখ পূর্বক সভার ২১ (একুশ) দিন পূর্বে সমিতির সদস্যদের নিকট প্রেরণ করিতে হইবে। সমিতির ওয়েব সাইটে প্রচার করিতে হইবে এবং অন্তত: একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে। সমিতির সাধারণ সভায় এবং বিশেষ সাধারণ সভায় হাল নাগাদ বৈধ সদস্যদের এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হইবে এবং উপস্থিত সদস্যদের মধ্যে অন্তত দুইতৃতীয়াংশ সদ্যস্যের সম্মতিতে প্রস্তাবটি গৃহিত হইতে হইবে। | বানিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এর ১৭ (ক) এবং ৩১ (৪) ধারার নির্দেশনা এবং সহজ বোধগম্য করার লক্ষ্যে সংশোধন। |
| ২৩) (ক) (২) | প্রতি বৎসর সমিতির নিরীক্ষিত ব্যালেন্সশীট এবং আয় ব্যয়ের বিবরণী নিয়োগকৃত নিরীক্ষক কর্তৃক নিরীক্ষা শেষে বার্ষিক সাধারণ সভার সভাপতি অথবা তাহার অনুরোধক্রমে কোষাধ্যক্ষ_উপস্থাপন করিবেন। | ২) প্রতি বৎসর সমিতির নিরীক্ষিত ব্যালেন্সশীট এবং আয় ব্যয়ের বিবরণী নিয়োগকৃত নিরীক্ষক কর্তৃক নিরীক্ষা শেষে বার্ষিক সাধারণ সভার সভাপতি অথবা তাহার অনুরোধক্রমে হিসাব বিভাগের দায়িত্ব প্রাপ্ত সহ সভাপতি (হিসাব) উপস্থাপন করিবেন। | কোষাধ্যক্ষ পদ বিলুপ্ত বিধায় দায়িত্ব পুন: বিন্যাস সংক্রান্ত সংশোধন |

**এম এ সাঈদ**
**সভাপতি (ভারপ্রাপ্ত)**
**বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি**

চলমান পাতা-৪

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org




**বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ**

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ২৩) (ক) (৫)<br>(ক) (১) (২) (খ)<br>(গ) (ঘ) (ঙ)<br><br>২৩ ) (ক)<br>(৫) (ঙ) | নাই | **হিসাব ও অডিট সংক্রান্ত নিয়মাবলী**<br>(ক) সমিতির নিবন্ধিত কার্যালয়ে নিম্নলিখত বিষয়ে যথাযথ হিসাব বহি সংরক্ষণ করিতে হইবে, যথাঃ<br>(১) সমিতির তহবিলে প্রাপ্ত এবং ব্যয়কৃত সকল অর্থ এবং কোন কোন খাতে আয় ও ব্যয় হইয়াছে তাহার বিবরণ ।<br>(২) সকল পরিসম্পদ ও দায় দেনার বিবরণ:<br>(খ) সমিতি কর্তৃক গৃহণকৃত সকল অর্থ রশিদ প্রদান করিয়া সংগ্রহ করিতে হইবে এবং প্রাপ্ত অর্থ আবশ্যিকভাবে সমিতির নামে পরিচালিত ব্যাংকের তহবিলে জমা করিতে হইবে। প্রাপ্তি স্বীকারপত্র গ্রহনপূর্বক সংগঠন কর্তৃক সকল পাওনা পরিশোধ করিতে হইবে। ২০,০০০/- (বিশ) হাজার টাকার উর্ধ্বে সকল পাওনা চেকের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।<br>(গ) কার্যনির্বাহী কমিটি একটি বার্ষিক ব্যালেন্সশীট এবং আয়-ব্যয়ের হিসাব, কোম্পানী আইনের বিধান মোতাবেক নিরীক্ষক কর্তৃক নিরীক্ষা করাইয়া উক্ত নিরীক্ষা প্রতিবেদনসহ বার্ষিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন।<br>(ঘ) কার্যনির্বাহী কমিটিকে বার্ষিক ব্যালেন্সশীট ও আয় ব্যয়ের নিরীক্ষিত হিসাব, নিরীক্ষকের প্রতিবেদন, কার্যনির্বাহী কমিটির বার্ষিক প্রতিবেদন মুদ্রিত করিয়া উক্ত বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের কমপক্ষে ২১ (একুশ) দিন পূর্বে উক্ত সভায় যোগদানের অধিকারী সকল সদস্যকে বিনামূল্যে প্রেরণ করিতে হইবে।<br>(ঙ) কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে বার্ষিক সাধারণ সভায় পূর্ববর্তী বছরের ১ লা জানুয়ারী হইতে ৩১শে ডিসেম্বর অর্থ্যাৎ পূর্ববর্তী পঞ্জিকাবর্ষের নিরীক্ষিত হিসাব পেশ করিতে হইবে। পঞ্জিকাবর্য অনুযায়ী আয় ব্যয়ের হিসাব ২০২৬ ইং বর্ষ হইতে কার্যকর হইবে। ২০২৬ ইং সালের ১ লা জানুয়ারী হইতে ৩১ শে ডিসেম্বর মেয়াদের নিরীক্ষিত হিসাব বার্ষিক সাধারণ সভা-২০২৬ এ পেশ করিতে হইবে; যাহা ২০২৭-ইং সালের যে কোন সময়ে অনুষ্ঠিত হইবে। | সমিতির হিসাব পরিচালনা ও নিরীক্ষা কার্যক্রম যথাযথ ভাবে সূ-সম্পন্ন করার লক্ষ্যে গঠনতন্ত্রে সংযোজন করার প্রস্তাব সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয় পঞ্জিকাবর্ষ অনুযায়ী<br>* সদস্যপদের মেয়াদ ১ লা জানুয়ারী হইতে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত অর্থাৎ পঞ্জিকা বছর ব্যাপী ফলে ১ লা জুলাই থেকে ৩০ মেয়াদী জুন অর্থ বছরে হিসাব সম্পন্ন করা অসামঞ্জস্যপূর্ণ হয়ে দাড়ায় বিধায় ১লা জানুয়ারী হইতে ৩১ শে ডিসেম্বর পর্যন্ত অর্থ্যাৎ পঞ্জিকা বর্ষ ভিত্তিক আয়-ব্যয়ের হিসাব করার লক্ষ্যে এ সংশোধন প্রস্তাব |
| ২৫ | সমিতি পরিচালনা এবং প্রশাসনিক দায়িত্ব ১৫ সদস্য বিশিষ্ট একটি কার্যনির্বাহী কমিটির উপর ন্যস্ত থাকিবে। উক্ত কমিটির সদস্যগণ সমিতির সাধারণ পরিষদ কর্তৃক বিধি অনুযায়ী নির্বাচিত হইবেন। অতঃপর নির্বাচিত সদস্যগণ উহার মধ্য হইতে পরবর্তী বিধিতে উল্লেখিত অফিস বেয়ারারসমূহ নির্বাচিত করিবেন। | সমিতি পরিচালনা এবং প্রশাসনিক দায়িত্ব ০৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি কার্যনির্বাহী কমিটির উপর ন্যস্ত থাকিবে। উক্ত কমিটির সদস্যগণ স্ব-স্ব পদে সমিতির সাধারণ সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন। | সমিতি পরিচালনায়<br>গতিশীলতা বৃদ্ধি ও বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এর ২৫ (৪) ধারার নির্দেশনা অনুযায়ী অফিস বেয়ারার পদে সরাসরি নির্বাচনের লক্ষ্যে সংশোধন |
| ২৬ | সভাপতি ১জন<br>সহ সভাপতি ৩জন<br>সাধারণ সম্পাদক ১জন<br>সহ সাধারণ সম্পাদক ১জন<br>কোষাধ্যক্ষ ১জন<br>কার্যনির্বাহী সদস্য ৮জন<br>মোট ১৫ (পনের) জন | সভাপতি ১ (এক) জন<br>সিনিয়র সহ সভাপতি ১ (এক) জন<br>সহ সভাপতি (প্রশাসন) ১ (এক) জন<br>সহ সভাপতি (হিসাব) ১ (এক) জন<br>কার্যনির্বাহী সদস্য ৫ (পাঁচ) জন<br>মোট ০৯ (নয়) জন | সমিতির কার্য পরিচালনায় গতিশীলতা বৃদ্ধি এবং দায়িত্ব সুনিদৃষ্ট করার মাধ্যমে জবাবদিহিতা সুনিশ্চিত করিবার লক্ষ্যে সংশোধন |

চলমান পাতা-৫

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org




**বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ**

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩২ (ক) (খ) (গ) (ঘ) (ঙ) (১) (২) (চ) | | **কার্যনির্বাহী কমিটির মেয়াদ, গঠন ও নির্বাচন**<br>(ক) কার্যনির্বাহী কমিটির মেয়াদ হইবে দায়িত্ব গ্রহণের তারিখ হইতে ২৪ (চব্বিশ) মাস বিদ্যমান কার্যনির্বাহী কমিটির মেয়াদ শেষ হওয়ার পূর্বেই পরবর্তী মেয়াদের জন্য কার্যনির্বাহী কমিটির নির্বাচন শেষ করিয়া দারিত্ব ভার হস্তান্তর করিতে হইবে।<br>(খ) কার্যনির্বাহী কমিটিতে কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদ শেষে অন্যূন একটি নির্বাচনে অংশ গ্রহণ না করিয়া পরবর্তী নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারিবেন।<br>(গ) সমিতির সদস্য তালিকায় নিবন্ধিত সদস্যগন নির্বাচন বোর্ড ঘোষিত তফসিল অনুযায়ী নির্বাচন বোর্ডের তত্বাবধানে গোপন ভোটের মাধ্যমে একজন সভাপতি, একজন সিনিয়র সহ-সভাপতি, একজন সহ-সভাপতি (হিসাব), একজন সহ-সভাপতি (প্রশাসন) এবং কার্যনির্বাহী কমিটির ০৫ (পাঁচ) জন সদস্য সরাসরি নির্বাচন করিবেন।<br>(ঘ) উপদফা (ক) এ উল্লেখিত মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন ১৫ দিন পূর্বে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সদস্যগণের নির্বাচন সম্পন্ন করিতে হইবে এবং মেয়াদকালীন সময়ের মধ্যে নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করিতে হইবে। যথাযথ ভাবে দায়িত্বভার হস্তান্তর করা না হইলে মেয়াদোত্তীর্ণ কার্যনির্বাহী কমিটির সদস্যগণের মেয়াদ শেষের তারিখ হইতে নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্যগণ দায়িত্বপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন।<br>(ঙ) উপদফা (ঘ) এ উল্লেখিত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড গঠন ও নির্বাচন তফসিল নির্ধারিত সময়ে ঘোষনা করা না হইলে বা অনুষ্ঠিত নির্বাচন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করা হইলে কার্যরত কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ তাঁহাদের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে দায়িত্ব হইতে অব্যাহতি প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন। তবে শর্ত থাকে যেঃ-<br>(১) কেবলমাত্র দৈব দুর্বিপাকের (act of God) কারণে নির্ধারিত সময়ের মধ্যে উক্ত নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব না হইলে নির্বাচন বোর্ডের সুপারিশের ভিত্তিতে কার্যনির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তক্রমে নির্বাচন অনুষ্ঠানের সময়সীমা বৃদ্ধির জন্য মহাপরিচালক, বাণিজ্য সংগঠনের নিকট আবেদন করা যাইবে।<br>(২) মহাপরিচালক, বাণিজ্য সংগঠন কর্তৃক উক্ত সময়সীমা বৃদ্ধির আবেদন গ্রহনযোগ্য বলিয়া বিবেচিত ইইলে, তৎকর্তৃক বর্ধিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করিতে হইবে। অন্যথায় বর্ধিত সময়সীমা শেষ হওয়ার তারিখ হইতে কার্যরত কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ তাঁহাদের দায়িত্ব হইতে অব্যাহতি প্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন। সময়সীমা বৃদ্ধির উপর্যুক্ত আবেদন অগ্রাহ্য হইলে কার্যরত কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ তাঁহাদের মেয়াদ উত্তীর্ণের তারিখ হইতে দায়িত্ব হইতে অব্যাহতি পাইবেন।<br>(চ) কার্যরত কার্যনির্বাহী কমিটির সকল সদস্য উপদফা (ঙ) এর অধীনে দায়িত্ব হইতে অব্যাহতি পাইলে সরকার কর্তৃক নিযুক্ত প্রশাসক অব্যাহতি প্রাপ্ত কার্যনির্বাহী কমিটির স্থলাভিষিক্ত হইবেন এবং সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করিয়া নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করিবেন। | বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এর ১৮ (৩) (৪) ধারার নির্দেশনা এবং কার্যনির্বাহী কমিটির নির্বাচন যথাসময়ে অনুষ্ঠানের আবশ্যকতা সদস্যেদের অবগতির জন্য গঠনতন্ত্রের সংশোধন |

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

চলমান পাতা-৬

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭

website: www.bdbiponon.org




## বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩৩ (ক) (১) (২) (৩) | ১। সমিতির কার্য্য পরিচালনার উদ্দেশ্যে কার্য্যনির্বাহী কমিটি প্রতি বৎসরে কমপক্ষে ৬ (ছয়) টি সভায় মিলিত হইবে।<br>২। কমপক্ষে ৬ (ছয়) জন সদস্যের উপস্থিতিতে কার্য্যনির্বাহী কমিটি সভার কোরাম পূর্ণ হইবে।<br>৩। সভাপতির অনুমতি স্বাপেক্ষে সাধারণ সম্পাদক ৩ (তিন) দিনের নোটিশ প্রদান করিয়া কার্য্যনির্বাহী কমিটির সভা আহবান করিবেন। বিশেষ পরিস্থিতিতে ২৪ ঘন্টার নোটিশেও কার্য্যনির্বাহী কমিটির জরুরী সভা আহবান করা যাইবে। সভাপতির নির্দেশে সাধারণ সম্পাদক কার্য্যনির্বাহী কমিটির সভার নোটিশ প্রদানে ব্যর্থ হইলে বা অক্ষমতা প্রকাশ করিলে সভাপতি নিজে কার্য্যনির্বাহী কমিটির সভা আহবান করিবেন। | ১) সমিতির কার্য্য পরিচালনার উদ্দেশ্যে কার্য্যনির্বাহী কমিটি প্রতি দুই মাসে একটি টি সভায় মিলিত হইবে।<br>২) কমপক্ষে ৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে কার্য্যনির্বাহী কমিটি সভার কোরাম পূর্ণ হইবে।<br>৩) সভাপতি নিজে অথবা তার অনুমতি স্বাপেক্ষে সহ-সভাপতি (প্রশাসন) ৩ (তিন) দিনের নোটিশ প্রদান করিয়া কার্য্যনির্বাহী কমিটির সভা আহবান করিবেন। বিশেষ পরিস্থিতিতে ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশেও কার্য্যনির্বাহী কমিটির জরুরী সভা আহবান করা যাইবে। সভাপতির নির্দেশে সহ-সভাপতি (প্রশাসন) কার্য্যনির্বাহী কমিটির সভার নোটিশ প্রদানে ব্যর্থ হইলে বা অক্ষমতা প্রকাশ করিলে সভাপতি নিজে কার্য্যনির্বাহী কমিটির সভা আহবান করিবেন। | কার্যনির্বাহী কমিটির সদস্য সংখ্যা অনুযায়ী কোরাম সংখ্যা নির্ধারণ সংশোধন সংশোধিত পদ বিন্যাসের কারণে সভা আহবানকারী এবং আহবানের জন্য প্রয়োজনীয় সময় সুনিদৃষ্টকরণের লক্ষ্যে সংশোধন। |
| ৩৩ (ক) (৬) (৭) (৮) | | ৬) সভাপতি গঠনতন্ত্রের নির্দেশনা মোতাবেক ৩ (তিন) দিনের নোটিশে কার্যনির্বাহী কমিটির নিয়মিত সভা এবং কমপক্ষে ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে জরুরী সভা আহবান করিবেন। নিয়মিত সভা অনুষ্ঠানের বিষয়টি সভাপতি নিশ্চিত করিবেন এবং সামগ্রিকভাবে এই বিষয়টি নিশ্চিতকরণের দায়-দায়িত্ব কার্যনির্বাহী কমিটির উপরও বর্তাইবে।<br>৭) উপদফা (৬) অনুযায়ী নির্ধারিত সভা অনুষ্ঠিত না হইলে কার্যনির্বাহী কমিটির এক বা একাধিক সদস্য কর্তৃক সভাপতিকে অবিলম্বে কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠানের জন্য লিখিত অনুরোধ জানানোর ৭(সাত) দিনের মধ্যে উক্ত সভা আহবান করিতে হইবে। অন্যথায় কমপক্ষে কোরামের সমান সংখ্যক কার্যনির্বাহী কমিটির সদস্যগণের প্রস্তাবিত আলোচ্যসূচী অনুযায়ী একজন সহ সভাপতি উক্ত সভার নোটিশ জারী করিবে।<br>৮) কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠানের তারিখ হইতে ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে উক্ত সভার কার্যবিবরণী সকল কার্যনির্বাহী সদস্যের নিকট প্রেরণ করিতে হইবে এবং কার্যবিবরণী বহিতে অন্তর্ভূক্ত করিতে হইবে। উক্ত কার্যবিবরণী বহি সংগঠনের নিবন্ধিত কার্যালয়ে সংরক্ষণ করিতে হইবে। | নিয়মতান্ত্রিক ভাবে সমিতির কার্যক্রম পরিচালনায় নিয়মিত কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠান নিশ্চিত করার লক্ষ্যে দায়িত্ব সুনিদৃষ্ট করতে গঠনতন্ত্রে সংযোজন। |
| ৩৪ (ক) (২) | সমিতির কার্য পরিচালনার উদ্দেশ্যে সভাপতি এক ভাউচারে একই প্রকার ব্যয়ের জন্য সর্বাধিক ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় অনুমোদন করিতে পারিবেন। | সমিতির কার্য পরিচালনার উদ্দেশ্যে সভাপতি এক ভাউচারে একই প্রকার ব্যয়ের জন্য সর্বাধিক ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুমোদন করিতে পারিবেন। তদুর্ধ খরচ কার্যনির্বাহী কমিটির সভায় অনুমোদন প্রয়োজন হইবে। | সমিতির কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় সভাপতির খরচ অনুমোদন ক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন বিধায় সংশোধন |
| ৩৪ (গ) | সহ-সভাপতিঃ<br>যদি কোন সময় সভাপতি দেশের বাইরে অবস্থান করেন অথবা কার্যপরিচালনায় অক্ষমতা প্রকাশ করেন তাহা হইলে সহ-সভাপতিগণ ক্রমানুসারে সমিতির ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে কার্য পরিচালনা করিবেন। সহ-সভাপতিগন সভাপতি এবং কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত দায়িত্ব পালন ছাড়াও সমিতির সকল প্রকার কার্যক্রমে সভাপতিকে সহযোগিতা করিবেন। | বিলুপ্তি | পদ ও দায়িত্ব পুণ: বিন্যাস করিবার ফলে এ পদটি অপ্রয়োজনীয় বিধায় পদ বিলুপ্ত করা হইল |

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

চলমান পাতা-৭

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org




**বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ**

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩৪ (ঘ) | সাধারণ সম্পাদকঃ সমিতির অফিস ব্যবস্থাপনা, দাপ্তরিক নথি সংরক্ষন, দৈনন্দিন কার্যকলাপ তদারকি, সভাপতির অনুমতিক্রমে সকল প্রকার সভা আহবান, কার্যনির্বাহী কমিটি কর্তৃক বিশেষ দায়িত্ব পালন এবং সমিতির সকল প্রকার কার্যক্রমে সভাপতিকে সহায়তা করিবেন। তিনি সমিতির প্রাপ্য অর্থ আদায়, তহবিলের সুষ্ঠু সংরক্ষন এবং ব্যয় সংক্রান্ত সকল বিষয়ে কোষাধ্যক্ষকে সার্বক্ষনিক সহযোগিতা প্রদান করিবেন। | বিলুপ্তি | পদ ও দায়িত্ব পুণ: বিন্যাস করিবার ফলে এ পদটি অপ্রয়োজনীয় বিধায় পদ বিলুপ্ত করা হইল |
| ৩৪ (চ) | সহ-সাধারণ সম্পাদকঃ সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ কর্তৃক পরিচালনাধীন সকল কর্মকান্ডে সার্বিক সহায়তা করিবেন। এছাড়া তিনি সকল সভার কার্যবিবরনী প্রস্তুত, সভাপতির অনুমোদন গ্রহণ এবং সংরক্ষন করিবেন। | বিলুপ্তি | নতুনভাবে দায়িত্ব পুন: বিন্যাস করিবার ফলে অপ্রয়োজনীয় বিধায় পদটি বিলুপ্ত করা হইল |
| ৩৪ (ছ) | কোষাধ্যক্ষঃ সাধারণ সম্পাদকের সার্বিক সহযোগিতায় কোষাধ্যক্ষ সমিতির প্রাপ্য যাবতীয় অর্থ আদায় ও নিরাপদ রক্ষনের দায়িত্ব পালন করিবেন। একই সঙ্গে তিনি সমিতির সকল আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষন এবং বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনের লক্ষ্যে ব্যালেন্স শীট ও নিরীক্ষিত হিসাব দাখিলের দায়িত্ব পালন করিবেন। | বিলুপ্তি | নতুনভাবে দায়িত্ব পুন: বিন্যাস করিবার ফলে অপ্রয়োজনীয় বিধায় পদটি বিলুপ্ত করা হইল |
| ৩৪ (জ) | কার্যনির্বাহী সদস্যঃ সমিতির সাধারণ সভা ও কার্যনির্বাহী কমিটির সভায় অথবা সভাপতি কর্তৃক যে সমস্ত দায়িত্ব দেওয়া হয় সেই সমস্ত দায়িত্ব পালন করিবেন। | বিলুপ্তি | হিসাব ও তহবিল পরিচালনার লক্ষ্যে নতুনভাবে দায়িত্ব সুনির্দৃষ্ট করিবার ফলে পদ বিলুপ্ত করা হইল |
| ৩৪ (ঝ) | | **ঝ) সিনিয়র সহ সভাপতিঃ** সভাপতি দায়িত্ব পালনে অক্ষমতা প্রকাশ করিলে অথবা অন্য কোন কারণে সভাপতির পদে সাময়িক বা স্থায়ীভাবে শুন্যতা দেখা দিলে ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে দায়িত্ব পালন করিবেন। সমিতির তহবিল পরিচালনা ও সংরক্ষন, প্রাপ্য অর্থ আদায়, ব্যয় সংক্রান্ত বিষয়ে হিসাব শাখার দায়িত্ব প্রাপ্ত সহ সভাপতি (হিসাব) কে সহযোগিতা প্রদান করিবেন। সভাপতি ও কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত সকল দায়িত্ব পালনসহ সমিতি পরিচালনায় সভাপতিকে সার্বক্ষনিক সহযোগিতা করিবেন। | সমিতির কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে নতুন পদ সৃষ্টি হওয়ায় দায়িত্ব সুনিদৃষ্টকরণ |

চলমান পাতা-৮

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল : bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭

website: www.bdbiponon.org




**বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ**

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩৪ (ঞ) | | **(ঞ) সহ-সভাপতি (প্রশাসন)** সভাপতি ও সিনিয়র সহ-সভাপতি পদে সাময়িক অনুপস্থিতিতে ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে দায়িত্ব পালন করিবেন। তবে উক্ত দুই পদে স্থায়ী শূন্যতা দেখা দিলে কার্যনির্বাহী কমিটির সভায় অনুমোদন স্বাপেক্ষে ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে বাকী মেয়াদ দায়িত্ব পালন করিবেন। সমিতির অফিস ব্যবস্থাপনা, দপ্তরিক নথি সংরক্ষণ ও দৈনন্দিন কার্যক্রম তদারকি করিবেন। সভাপতি এবং কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন। সভাপতির অনুমতিক্রমে কার্যনির্বাহী কমিটির সভা আহবান করিবেন। একই সাথে সমিতি পরিচালনায় সভাপতিকে সার্বক্ষণিক সহযোগিতা করিবেন। | সমিতি পরিচালনায় গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে নতুন পদ সৃষ্টি হওয়ায় দায়িত্ব সুনিদৃষ্ট করণের লক্ষ্যে সংযোজন |
| ৩৪ (ট) | | **(ট) সহ-সভাপতি (হিসাব)** সভাপতি ও সিনিয়র সহ-সভাপতির সার্বিক সহযোগিতায় সমিতির তহবিল, ব্যাংক হিসাব, আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, সমিতির যাবতীয় প্রাপ্য আদায়, নিরাপদ সংরক্ষনের দায়িত্ব পালন করিবেন। তিনি সমিতির আয় ও ব্যয়ের হিসাব বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনের লক্ষ্যে অনুমোদিত নিরীক্ষক কর্তৃক হিসাব নিরীক্ষা ও ব্যালেন্স শীট তৈরী করিবেন। সভাপতি ও কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন। সমিতি পরিচালনায় সভাপতিকে সার্বক্ষনিক সহযোগিতা করিবেন। সভাপতি, সিনিয়র সহ সভাপতি ও সহ-সভাপতি (প্রশাসন) পদে স্থায়ী অথবা সাময়িক শুন্যতায় অথবা কার্য পরিচালনায় অক্ষমতা প্রকাশ করিলে ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে দায়িত্ব পালন করিবেন। সহ সভাপতি (হিসাব) পদ শুন্য হইলে কার্যনির্বাহী কমিটির সদস্যদের মধ্য থেকে কার্যনির্বাহী কমিটির অনুমোদন স্বাপেক্ষে পূরণ করিতে হইবে। | সমিতি পরিচালনায় গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে নতুন পদ সৃষ্টি হওয়ায় দায়িত্ব সুনিদৃষ্ট করণের লক্ষ্যে সংযোজন |
| ৩৪ (ঠ) | | **(ঠ) কার্যনির্বাহী সদস্য** সমিতির সভাপতি ও কার্যনির্বাহী কমিটি কর্তৃক অর্পিত সকল দায়িত্ব পালন করিবেন। সমিতি পরিচালনায় সভাপতিকে সার্বক্ষনিক সহযোগিতা করিবেন। কার্যনির্বাহী কমিটির সদস্য পদ স্থায়ীভাবে শুন্য হইলে সভায় অনুমোদন স্বাপেক্ষে সাধারণ পরিষদ সদস্যদের মধ্য হইতে তা পূরণ করিতে হইবে। | নতুনভাবে দায়িত্ব পুন: বিন্যাস করার ফলে সংযোজন |
| ৩৫ (গ) | (গ) সমিতির তহবিল রক্ষা ও পরিচালনার ক্ষেত্রে তহবিল এর যাবতীয় অর্থ কার্যনির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে এক বা একাধিক চলতি/সেভিংস হিসাবে ব্যাংকে সঞ্চিত রাখিতে হইবে। উক্ত হিসাব কোষাধ্যক্ষসহ সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক এর মধ্য হইতে যে কোন একজনের সহিত যৌথ স্বাক্ষর দ্বারা পরিচালিত হইবে। | (গ) সমিতির তহবিল রক্ষা ও পরিচালনার জন্য যাবতীয় অর্থ কার্যনির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে এক বা একাধিক ব্যাংকে চলতি / সেভিংস হিসাবে সঞ্চিত রাখিতে হইবে। সহ-সভাপতি (হিসাব) অবশ্যই এবং সভাপতি ও সিনিয়র সহ-সভাপতি এদের মধ্যে যে কোন একজনসহ সর্বমোট দুইজনের যৌথ স্বাক্ষর দ্বারা উক্ত ব্যাংক হিসাব পরিচালিত হইবে। | সমিতির তহবিল ও ব্যাংক হিসাব পরিচালনা সহজতর এবং কোষাধ্যক্ষ পদ বিলুপ্ত ও নতুন পদ সৃষ্টির কারণে সংশোধন |

চলমান পাতা-৯

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org




## সদস্যদের অবগতির জন্য (বিদ্যমান গঠনতন্ত্রের ধারা /উপধারা সংশোধন, সংযোজনও বিয়োজন প্রস্তাব)

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩৫ (ঙ) | নিয়মিত ব্যয় যথা কর্মচারী বেতন, বাড়ীভাড়া, বিদ্যুৎ বিল, পানি বিল, গাড়ী মেরামত খরচ, পেট্রোল খরিদ, আপ্যায়ন ও যাতায়াত ব্যয় ইত্যাদি ব্যতীত সভাপতি অথবা সভাপতির অনুমোদনক্রমে সাধারণ সম্পাদক সমিতির উদ্দেশ্যে এক আইটেমে অনধিক ১০,০০০/- (দশ হাজার) টাকা পর্যন্ত ব্যয় করিতে পারিবেন। তবে ৫,০০০ (পাঁচ হাজার) টাকার উর্দ্ধে সকল প্রকার ব্যয়ের ভাউচার কোষাধ্যক্ষের পরীক্ষা শেষে সাধারণ সম্পাদক ও সভাপতি কর্তৃক অনুমোদিত হইবে। অন্যান্য ভাউচার যথারীতি কোষাধ্যক্ষ কর্তৃক পরীক্ষা শেষে সাধারণ সম্পাদক কর্তৃক অনুমোদিত হইবে। | নিয়মিত ব্যয় যথা কর্মকর্তা/কর্মচারীদের বেতন, বাড়ীভাড়া, বিদ্যুৎ বিল, পানির বিল, গাড়ী মেরামত খরচ, পেট্রোল খরিদ, আপ্যায়ন ও যাতায়াত ব্যয় ইত্যাদি ব্যতীত সভাপতি অথবা সভাপতির অনুমোদনক্রমে সিনিয়র সহ সভাপতি সমিতির উদ্দেশ্যে এক আইটেমে অনধিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত ব্যয় অনুমোদন করিতে পারিবেন। তবে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার উর্দ্ধে সকল প্রকার ব্যয়ের ভাউচার সহ সভাপতি (হিসাব) এর পরীক্ষা শেষে সভাপতি কর্তৃক অনুমোদিত হইবে। নিয়মিত দৈনন্দিন ও মাসিক খরচের ভাউচার দায়িত্বপ্রাপ্ত সহ সভাপতির যথারীতি পরীক্ষা শেষে সিনিয়র সহ সভাপতি কর্তৃক অনুমোদিত হইবে। সংগঠনের সভাপতি এক ভাউচার এ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত খরচ অনুমোদন করিতে পারিবেন। তদুর্ধ খরচ কার্যনির্বাহী কমিটির অনুমোদন নিতে হইবে। | সমিতির কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় খরচ বৃদ্ধি পেয়েছে একই সাথে দ্রব্যমূল্যও বৃদ্ধি পেয়েছে। তাই খরচ করার ক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন বিধায় সংশোধন |
| ৩৫ (চ) | সমিতির কার্যনির্বাহের উদ্দেশ্যে সভাপতির অনুমোদন ক্রমে কোষাধ্যক্ষ সমিতির তহবিল হইতে সর্বাধিক ১০,০০০/-(দশ হাজার) টাকা নগদ হাতে রাখিতে পারিবেন। | সমিতির কার্যনির্বাহের উদ্দেশ্যে সভাপতির অনুমোদনক্রমে দায়িত্বপ্রাপ্ত সহ-সভাপতি (হিসাব) সমিতির তহবিল হইতে সর্বাধিক ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা নগদ হাতে রাখিতে পারিবেন। | সমিতির কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় সহ-সভাপতির হাতে নগদ জমা রাখিবার ক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন বিধায় সংশোধন |
| ৩৬ (৩) (ক) (খ) (গ) (ঘ) | সকল সদস্য একটি করিয়া ভোট দিতে পারিবে নির্বাচনের তারিখের পূর্ববর্তী ১২০ দিনের মধ্যে সদস্য হইয়াছেন বা নির্বাচনের তারিখের পূর্ববর্তী ৬০ তম দিন পর্যন্ত সংগঠনের প্রাপ্য চাদা বকেয়া রাখিয়াছেন এমন কোন সদস্য উক্ত নির্বাচনে ভোট দিতে বা নির্বাচনে প্রার্থী হইতে পরিবেন না। | (ক) সকল সদস্য ১ (এক) টি পদে ১ (এক) টি করিয়া ভোট দিতে পারিবে।<br>(খ) সমিতির নির্বাচনের তারিখের পূর্ববর্তী ১৮০ (একশত আশি) দিনের মধ্যে সদস্য হইয়াছেন বা নির্বাচনের তারিখের পূর্ববর্তী ১২০ দিন পর্যন্ত সংগঠনের প্রাপ্য চাঁদা বকেয়া রাখিয়াছেন এইরূপ কোন সদস্য উক্ত নির্বাচনে ভোট দিতে পারিবেন না।<br>(গ) তবে শর্ত থাকে যে, বানিজ্য সংগঠন বিধিমালা -২০২৫ কার্যকর হইবার পর প্রথম নির্বাচনের ক্ষেত্রে নির্বাচনের তারিখের পূর্ববর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে সদস্য হইয়াছেন বা নির্বাচনের তারিখের পূর্ববর্তী ৬০(ষাঠ) তম দিন পর্যন্ত চাঁদা বকেয়া রাখিয়াছেন এইরূপ কোন সদস্য উক্ত নির্বাচনে ভোট দিতে পারিবেন না।<br>(ঘ) হালসনের সকল বকেয়া পরিশোধের তারিখসহ হালসনের ট্রেডলাইসেন্স আয়কর (E-TIN) সার্টিফিকেট এবং সদ্যতোলা ০২(দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি দাখিলের সর্বশেষ তারিখ নির্বাচন তফসিলে উল্লেখ করিতে হইবে। যাহা নির্বাচন অনুষ্ঠানের ৬০(ষাট) তম দিনের পূর্বে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ১৯ (৩) ধারার নির্দেশনা এবং ভোটাধিকার আইন এবং ভোটাধিকার প্রয়োগের পদ্ধতি সম্পর্কে সদস্যদের স্বচ্ছ ধারনা দেয়ার লক্ষ্যে (ক) ও (খ) উপধারা সংশোধন এবং (গ) ও (ঘ) উপধারা সংযোজন। |
| ৩৬ (৪) (গ) | নির্বাচন বোর্ড ও আপীল বোর্ডঃ | **নির্বাচনবোর্ড ও আপীলবোর্ড**<br>(গ) সমিতির কার্যনির্বাহী কমিটিকে পরবর্তী কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচনের তারিখের অমুক ৯০ (নব্বই) দিন পূর্বে ০১ (এক) জন চেয়ারম্যান অন্তত ০২(দুই) জন সদস্য সমন্বয়ে একটি নির্বাচনবোর্ড এবং ১(এক) জন চেয়ারম্যান ও অন্তত ০২ (দুই) জন সদস্য সমন্বয়ে নির্বাচন আপীলবোর্ড গঠন করিতে হইবে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২০ নং ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন |

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org



## বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩৬ (৫) (১) | ১) নির্বাচনবোর্ড নির্বাচন তারিখের অন্ততঃ ৮০ (আশি) দিন পূর্বে একটি নির্বাচন তফসিল ঘোষনা করিবে যাহাতে নির্বাচনের জন্য প্রযোজ্য বিভিন্ন স্তরের তারিখ সমূহ এবং অন্তত পক্ষে নিম্নবর্নিত বিষয়াদির তারিখ সমূহ নির্ধারিত থাকিবে যথাঃ | (১) নির্বাচনবোর্ড সংঘবিধি অনুযায়ী কার্যনির্বাহী কমিটির সভাপতি, সিনিয়র সহসভাপতি, সহসভাপতি (প্রশাসন), সহসভাপতি (হিসাব) ও কার্যনির্বাহী সদস্যপদে নির্বাচনের জন্য নির্বাচনের তারিখের ৮০ (আশি) দিন পূর্বে একটি নির্বাচন তফসিল জারি করিবেন। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২১ (১) এর ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন ও বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২২ (২) এর ধারার নির্দেশনা মোতাবেক |
| ৩৬ (৫) (১) (ক) | ক) নির্বাচনের ৫০(পঞ্চাশ) দিন পূর্বে প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করিতে হইবে। | ক) নির্বাচন তফসিলে নিম্নবর্নিত বিষয়াদির উল্লেখ থাকিবে যথাঃ (ক) নির্বাচনবোর্ড নির্বাচনের অন্তত ৫০ (পঞ্চাশ) দিন পূর্বে একটি প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ করিবে এবং উহা সমিতির ওয়েব সাইটে ও অফিসের নোটিশ বোর্ডে সকল সদস্যের পরিদর্শনের জন্য ০৩(তিন) দিন উন্মুক্ত রাখিবে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২২ (২) এর ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন। |
| ৩৬ (৫) (১) (খ) | খ) সহযোগী সদস্যগণ সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধক্ষ ব্যতীত অন্যান্য সকল পদে নির্বাচন প্রার্থী হইতে পারিবেন। | বিলুপ্ত | ৪ (গ) ধারায় পরিস্কার ভাবে উল্লেখিত অতএব পুনঃ উল্লেখ অপ্রয়োজনীয় বিধায় বিলুপ্তির প্রস্তাব করা হলো। |
| ৩৬ (৫) (১) (গ) | গ) সাধারণ সদস্য ও সহযোগী সদস্যগণ প্রত্যেকের সকল পদে ভোট প্রদানের সমান অধিকার থাকবে। | (গ) সমিতির সাধারণ সদস্য ও সহযোগী সদস্যগণ কার্যনির্বাহী কমিটির যে কোন পদে প্রার্থী হওয়ার অধিকারী হইবেন এবং এবং সকল পদে ভোট প্রদানের সমান অধিকার থাকবে। | সদস্যদের মধ্যে শ্রেণী বিভাজন দূর করার লক্ষ্যে সংশোধন |
| ৩৬ (৫) (১) (ঘ) | ভোটার<br>(ঘ) প্রাথমিক ভোটার তালিকায় কোন ভোটারের নাম অন্তর্ভূক্ত বা উহা হইতে কাহারো নাম বর্জনের জন্য আপীল বোর্ডের নিকট আপত্তি দাখিল ৬(ছয়) দিনের মধ্যে করিতে হইবে। দাখিলকৃত আপত্তি বিবেচনান্তে আপীল বোর্ড সংশ্লিষ্ট পক্ষগণকে শুনানীর সুযোগ দিয়া পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে নির্বাচনী বোর্ডকে জানাইতে হইবে। | ভোটার<br>(ঘ) প্রাথমিক ভোটার তালিকায় কোন নাম অন্তভূক্তি বা বাতিলের বিষয়ে আপত্তি থাকিলে সংশ্লিষ্ট ব্যক্তি প্রাথমিক ভোটার তালিকা প্রকাশের পরবর্তি ৩ (তিন) দিনের মধ্যে আপীল বোর্ডের নিকট আপীল করিতে পারিবে। আপীলবোর্ড আপীল প্রাপ্তির পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে নির্বাচন বোর্ডের নিকট দাখিলকৃত কাগজপত্র পরীক্ষা এবং সংশ্লিষ্ট পক্ষসমূহকে শুনানীর যুক্তিসঙ্গত সুযোগ প্রদান পূর্বক অভিযোগ নিস্পত্তি করিয়া উহার সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে অবহিত করিবে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২২ (৩) (৪) এর ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন |
| ৩৬ (৫) (১) (ঙ) | ঙ) নির্বাচনবোর্ড উল্লেখিত সিদ্ধান্ত প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করিতে হইবে। | (ঙ) নির্বাচনবোর্ড আপীলবোর্ডের সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ২ (দুই) দিনের মধ্যে চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করিবে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২২ (৫) এর ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন |
| ৩৬ (৫) (১) (চ) (ক) (খ) (গ) | নির্বাচন অনুষ্ঠানের অন্তত ৩০(ত্রিশ) দিন পূর্বের একটি দিন মনোনয়নপত্র দাখিলের জন্য নির্দিষ্ট থাকিবে। নির্বাচনবোর্ড প্রাপ্ত মনোনয়নপত্র বাছাইয়ের পর অবিলম্বে বৈধ মনোনয়নের একটি তালিকা প্রকাশ করিবে। নির্বাচনবোর্ড কাহারও মনোনয়নপত্র বাতিল করিলে সংশ্লিষ্ট ব্যক্তি তালিকা প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারিবে এবং আপীলবোর্ড উক্ত আপত্তি সম্পর্কে সংশ্লিষ্ট পক্ষেকে শুনানীর যুক্তিসঙ্গাত সুযোগ প্রদান করিয়া পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে নিস্পত্তি ক্রমে উহা নির্বাচনবোর্ডকে জানাইয়া দিবে। উক্ত সিদ্ধান্তেরে পর অথবা কোন আপীল না হইয়া থাকিলে নির্বাচনবোর্ড অবিলম্বে প্রার্থীদের তালিকা প্রকাশ করিবে। | (চ) চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন হইতে পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে যাহা নির্বাচন অনুষ্ঠানের তারিখের অন্তত ৩০(ত্রিশ) দিন পূর্বের কোন তারিখ হইবে নির্বাচনে আগ্রহী প্রার্থীগন নিম্নবর্নীত কাগজপত্র সহ সঠিকভাবে পূরণকৃত মনোনয়নপত্র নির্বাচনবোর্ডের নিকট দাখিল করিবেন।<br>(ক) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নের মাধ্যমে ঋনখেলাপী কিনা সে বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র।<br>(খ) নোটারী পাবলিক কর্তৃক সত্যায়নের মাধমে কর, ভ্যাট, শুল্ক হালনাগাদ পরিশোধ করিয়াছেন কিনা সে বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত আয়কর, ভ্যাট রিটার্ন ও শুল্ক পরিশোধের মূল সনদপত্র।<br>(গ) ফৌজদারী আপরাধে দোষী সাব্যস্ত হইয়া কারাদন্ডে দন্ডিত কিনা সে বিষয়ে পুলিশ ক্লিয়ারেন্সের মূল সনদ। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৩ (৩) (ক) (খ) (গ) এর ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন |

চলমান পাতা-১১

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি
প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org



**বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ**

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩৬ (৫) (১) (চ) (১) | | চ) (১) নির্বাচনবোর্ড প্রাপ্ত মনোয়নপত্র ও প্রার্থীগনের প্রেরিত কাগজপত্র পরীক্ষা করিয়া মনোনয়নপত্র দাখিলের জন্য নির্ধারিত সর্বশেষ সময়ের পর ৭ (সাত) দিনের মধ্যে প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করিবে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৩ (৫) এর ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন |
| ৩৬ (৫) (১) (চ) (২) | | চ) (২) মনোয়নপত্র জমা প্রদানকারী কোন প্রার্থীর নাম প্রাথমিক তালিকায় অন্তভূক্ত না হইলে বা নির্বাচনবোর্ড কোন মনোনয়নপত্র বাতিল করিলে সংশ্লিষ্ট ব্যক্তি প্রাথমিক তালিকা প্রকাশের তারিখ হইতে ০৩(তিন) দিনের মধ্যে আপীল বোর্ডের নিকট আপীল করিতে পারিবেন। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৩ (৬) এর ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন |
| ৩৬ (৫) (১) (চ) (৩) | | চ) (৩) আপিল বোর্ড আপীল প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে প্রার্থীকর্তৃক নির্বাচন বোর্ডের নিকট দাখিল কর্তৃক মনোনয়নপত্র পরীক্ষা নিরীক্ষা পূর্বক সংশ্লিষ্ট পক্ষকে শুনানীর যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া অভিযোগ নিষ্পত্তি করিবে এবং নির্বাচন বোর্ডকে উহার সিদ্ধান্ত অবহিত করবে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৩ (৭) এর ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন |
| ৩৬ (৫) (১) ঝ | বৈধ মনোনীত প্রার্থীর চুড়ান্ত তালিকা নির্বাচনের ২৪(চব্বিশ) দিন পূর্বে প্রকাশ করিতে হইবে। | ঝ) আপীলবোর্ড হইতে প্রাপ্ত সিদ্ধান্ত অনুসারে নির্বাচনবোর্ড বৈধ প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ করিবে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৩ (৮) এর ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন |
| ৩৬ (৫) (১) ঞ | নির্বাচন অনুষ্ঠানের অন্তত ২০(বিশ) দিন পূর্বের একটি দিন প্রার্থীতা প্রত্যাহারের জন্য নির্দিষ্ট থাকিবে। অতঃপর প্রত্যাহারের ভিত্তিতে নির্বাচনবোর্ড চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করিবে। | ঞ) চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের ০৩(তিন)দিনের মধ্যে কোন ব্যাক্তি প্রার্থী পদ প্রত্যাহার করিতে চাহিলে নির্বাচনবোর্ডের নিকট উপস্থিত হইয়া নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত লিখিত আবেদন দাখিল করিতে হইবে। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিনে চুড়ান্ত প্রার্থী তালিকা ঘোষনা করা হইবে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৩ (৯) এর ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন |
| ৩৬ (৫) (১) ট | নির্বাচন অনুষ্ঠান ভোট গননা ও ফলাফল নির্বাচনের কার্যদিবসে ঘোষনা করিতে হইবে। | (ট) চুড়ান্ত প্রার্থী তালিকা ঘোষনার অন্যুন ১০ (দশ) দিনের মধ্যে সভাপতি, সিনিয়র সহ-সভাপতি সহ-সভাপতি (হিসাব) সহ-সভাপতি (প্রশাসন) ও কার্যনির্বাহী সদস্য পদে নির্বাচন অনুষ্ঠিত হইবে। চুড়ান্ত ভোটার তালিকাভূক্ত সকল ভোটার সরাসরি ভোট প্রদান করিবেন। নির্বাচন ফলাফল সমিতির ওয়েব সাইটে ও নোটিশবোর্ডে প্রকাশ করা হইবে। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৫ (২) এর ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন |
| ৩৬ (৫) (১) ঠ | | (ঠ) নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে কোন আপত্তি থাকিলে নির্বাচনের ফলাফল প্রকাশের ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে আপীল বোর্ডের নিকট আপীল করা যাইবে এবং আপীল বোর্ড আপীল প্রাপ্তির ৪৮ (আট চল্লিশ) ঘন্টার মধ্যে আপত্তি নিষ্পত্তি করিয়া উহা নির্বাচন বোর্ডকে অবহিত করিবে এবং নির্বাচন বোর্ড পরবর্তী দিনে চুড়ান্ত ফলাফল ঘোষনা করিবেন। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৫ (৮) এর ধারার নির্দেশনা মোতাবেক সংযোজন |
| ৩৬ (৭) (ঘ) | ঘোষিত নির্বাচনের ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রার্থীর কোন আপত্তি থাকিলে তিনি উক্ত ফলাফল প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নির্বাচন আপীলবোর্ডের নিকট আপীল দাখিল করিতে পারিবেন। | নির্বাচনের ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রার্থীর কোন আপত্তি থাকিলে তিনি উক্ত ফলাফল প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে ১০,০০০/- (দশ হাজার) টাকা নির্ধারিত ফি পরিশোধ স্বাপেক্ষে আপীলবোর্ডের নিকট আপীল করিতে পারিবেন। | বাণিজ্য সংগঠন বিধিমালা ২০২৫ এর ২৫ (৯) এর ধারার নির্দেশনা মোতাবেক সংশোধন |

চলমান পাতা-১২

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org




## বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩৬ (৮) (ক) (খ) (গ) (১) (২) (৩) (৪) (৫) (৬) (৭) (৮) (ঘ) (ঙ) (চ) | | **নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত বিধান**<br>(ক) নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এর বিধান অনুযায়ী নির্বাচনের সকল কার্যক্রম পরিচালনা করিবেন। কার্যনির্বাহী কমিটি নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করিতে পারিবেন না।<br>(খ) নির্বাচনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে নির্বাচন বোর্ডের প্রস্তাব অনুযায়ী সমিতি এক বা একাধিক নির্বাচনী কর্মকর্তা নিযুক্ত করিবে। তবে কোন কার্যনির্বাহী সদস্য, প্রার্থী কিংবা মনোনয়ন পত্রে প্রার্থীর প্রস্তাবক ও সমর্থক কাউকে নির্বাচন কর্মকর্তা নিয়োগ করা যাইবে না।<br>(গ) নির্বাচন তফসিল জারী করিবার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্নলিখিত আচরণ বিধি প্রযোজ্য হইবে যা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাঁহার প্রার্থীপদ বাতিল করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে, যথাঃ<br>(১) নির্বাচন উপলক্ষে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, চিকা অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।<br>(২) মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পূর্ণ নিষিদ্ধ থাকিবে।<br>(৩) ভোটারদের নিকট কেবলমাত্র সাদা কালো এ-৪ সাইজ এর প্রচারপত্র প্রেরণ করা যাইবে। তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।<br>(৪) কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশ গ্রহণ করিতে পারিবেন না।<br>(৫) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাইবে।<br>(৬) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারনা সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।<br>(৭) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকিবে।<br>(৮) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রাথী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবেন না।<br>(ঘ) নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভা অনুষ্ঠান করা যাইবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাইবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করিতে পারিবেন।<br>(ঙ) এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হইলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবেন। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকিলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করিবে। উপদফা (গ) এ বর্ণিত আচরণবিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিস্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপীল বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরণ বিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিস্পত্তির জন্য আপীল বোর্ড নির্বাচন চলাকালীন সময়ে ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকিবেন। আপীল বোর্ডের সভায় শুনানী গ্রহণ করা হইবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষ সমূহকে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষনা মারফত অবহিত করা হইবে। নোটিশ বোর্ডে এই বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি একমাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হইবে। শুনানী গ্রহণ শেষে আপীল বোর্ড কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।<br>(চ) নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রন করিবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচনী প্রাথী এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকিবে না। | নির্বাচন আচারণ বিধি সম্পর্কে সদস্যদের সচেতন করে তুলতে গঠনতন্ত্রে সংযোজন। |

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

চলমান পাতা-১৩

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭
website: www.bdbiponon.org



## বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩৬ (ছ) (জ)<br>(ঝ) (ঞ) (ট)<br>(ঠ) (ড) (ঢ)<br>(ণ) (ত) (থ)<br>(দ) (ধ) (ন)<br>(১) (২) (৩) | | (ছ) ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে এক সঙ্গে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকিবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেওয়া যাইবে না।<br>(জ) ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রনে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিবেন। এই আদেশের বিধান লংঘন অথবা অসদাচারন, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হইতে বহিস্কার করিতে পারিবেন।<br>(ঝ) নির্বাচনে প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পারিবেন এবং কেবল মাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করিতে পারিবেন।<br>(ঞ) কোন প্রার্থী, ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সঙ্গে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হইতে পারিবেন না।<br>(ট) নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহন কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া উপদফা (ঠ) এ বর্ণিত বিধান অনুসরণপূর্বক তার প্রার্থীপদ বাতিল করা যাইবে।<br>(ঠ) নির্বাচন বোর্ড ব্যালট পত্রের নমুনা নির্ধারন করিবেন। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকিবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে বাণিজ্য সংগঠনের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হইতে হইবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হইবে না।<br>(ড) নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হইবে। উক্ত পরিচিতি পত্র না থাকিলে ভোট প্রদান করা যাইবে না।<br>(ঢ) শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করিবেন।<br>(ন) ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত: ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষন করিয়া শূন্যতার নিশ্চয়তার বিধান পূর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করিবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে স্থাপন করিবেন।<br>(ত) একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাইবে না। একটি ব্যালট বাক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারের অনুপযোগী প্রতীয়মান হইলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সীল করিয়া নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষন করত: উহার স্থলে অপর একটি শূণ্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করিবেন।<br>(থ) ভোট গ্রহণের বিরতিকালে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হইলে ব্যালট বাক্স সীল করিয়া নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকিবে।<br>(দ) নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করিতে পারিবেন।<br>(ধ) উপদফা (প) এ বর্ণিত ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহণ বন্ধ করা হইবে। অত: পর ভোট গণনা শুরু হইবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকিতে পারিবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাঁহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।<br>(ন) নির্বাচন বোর্ড ভোট গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হইতে ব্যালট পত্র বাহির করিয়া প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করত: ভোট গণনা শুরু করিবেন। নিম্নলিখিত ক্ষেত্রে ব্যালট পত্র বাতিল বলিয়া গণ্য হইবে, যথাঃ-<br>(১) নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকিলে,<br>(২) নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে, এবং<br>(৩) কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ও ব্যালট পত্রের নির্দেশাবলী লংঘন করিয়া পূরণকৃত ব্যালট পত্র। নির্বাচন বোর্ড উপযুক্ত বাতিলকৃত ব্যালট পত্র বান্ডিল বন্ধ করিয়া উহার সংখ্যা লিপিবদ্ধ করিবেন। | নির্বাচন আচারণ বিধি সম্পর্কে সদস্যদের সচেতন করে তুলতে গঠনতন্ত্রে সংযোজন। |

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

# বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

প্যারামাউন্ট টাওয়ার (৩য় তলা), ৮০/৪ সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, শান্তিনগর, ঢাকা
ই-মেইল ঃ bdbiponon2000@gmail.com, মোবাইল: ০১৭১১৯৩৭২৬৬, ০১৬১৫-৩০০১০৭

website: www.bdbiponon.org




## বিদ্যমান গঠনতন্ত্রের ধারা / উপধারা সংশোধন, সংযোজন ও বিয়োজনের প্রস্তাব সদস্যদের অবগতির জন্যঃ

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান বিধান | প্রস্তাবিত বিধান | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ৩৬ (প) (ফ) (১) (২) (৩) (৪) (৫) (ব) | | (প) নির্বাচন বোর্ড বৈধ ব্যালট পত্রসমূহ হইতে প্রত্যেক প্রার্থীর পক্ষে প্রদত্ত ভোট গণনা করিয়া লিপিবদ্ধ করিবেন। এই ভোট গণনায় নির্বাচন বোর্ড ও নির্বাচনী কর্মকর্তা ব্যতীত অন্য কেহ অংশ গ্রহন করিতে পারিবেন না।<br>(ফ) নির্বাচন বোর্ড ভোট গ্রহণ ও গণনা শেষে নির্বাচনের ফলাফল ঘোষনা ও প্রকাশ করিবেন। অতঃপর নিম্নলিখিত নথিপত্রসমূহ পৃথকভাবে সীল স্বাক্ষরসহ বান্ডিলবদ্ধ করিয়া নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের যৌথ তত্ত্বাবধানে বিশেষ হেফাজতে সংরক্ষন করিবেন, যথাঃ-<br>(১) অব্যহৃত ব্যালট পত্র (ক্রমিক নং ও সংখ্যা উল্লেখ করিতে হইবে)<br>(২) বৈধ ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করিতে হইবে)<br>(৩) বাতিল ঘোষিত ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করিতে হইবে)<br>(৪) ব্যালট বহির সাথে সংযুক্ত সরবরাহকৃত ব্যালট পত্রের প্রথম অংশ (ক্রমিক নং ও সংখ্যা উল্লেখ করিতে হইবে)<br>(৫) গণনাকারী ও নির্বাচন বোর্ড কর্তৃক স্বাক্ষরিত ভোট গণনা পত্রসমূহ।<br>(ব) উপ-দফা (ফ) এর অধীনে সংরক্ষিত উপর্যুক্ত নথিপত্রসমূহ কেবলমাত্র সংশ্লিষ্ট প্রার্থীর অথবা প্রার্থীবৃন্দের উপস্থিতিতে নির্বাচন আপীল বোর্ড, এফবিসিসিআই আর্বিট্রেশন ট্রাইব্যুনাল, সরকার অথবা মাননীয় আদালতের নির্দেশ মোতাবেক পরীক্ষার উদ্দেশ্যে বান্ডিল মুক্ত করা যাইবে। | নির্বাচন আচারণ বিধি সম্পর্কে সদস্যদের সচেতন করে তুলতে গঠনতন্ত্রে সংযোজন। |
| ৩৬ (৯) (১) | কার্যনির্বাহী কমিটির কোন সদস্যের মৃত্যু অসুস্থতা বা অন্য কোন কারনে উক্ত সদস্য পদে সাময়িক শূন্যতা দেখা দিলে উক্ত কমিটি উহার বিবেচনায় উপযুক্ত পদ্ধতিতে সংগঠনের একজন সদস্যকে শূন্য পদে নিযুক্ত করতে পারিবেন কার্যনির্বাহী কমিটির সভাপতি পদ পূন্য হইলে সহ-সভাপতি গনের মধ্য হইতে সহসভাপতি পদ শূন্য হইলে কার্যনির্বাহী সদস্যদের মধ্য হইতে সাধারন সম্পাদক ও কোষাধ্যক্ষ পদ শূন্য হইলে সহ-সাধারন সম্পাদক দ্বারা শূন্য পদ পূরণ করিবে সহ সাধারন সম্পাদক পদ শূন্য থাকিলে কার্যনির্বাহী সদস্যদের মধ্য হইতে উপযুক্ত ব্যক্তি দ্বারা সাধারন সম্পাদক ও কোষাধক্ষ পদ এবং কার্যনির্বাহী সদস্য পদ শূন্য হইলে সাধারন সদস্যের দ্বারা শূন্য পদ পূরণ করা যাইবে। | **শূন্য পদ পুরনঃ**<br>শারিরীক অসুস্থায় মৃত্যু বিদেশ গমন অথবা অন্য কোন কারনে স্থায়ী বা সাময়িক ভাবে সমিতির সভাপতি দায়িত্ব পালনে অসমর্থ হইলে অথবা অক্ষম হইলে অথবা অন্য কোন কারণে পদ শূন্যতা দেখা দিলে সিনিয়র সহ-সভাপতি ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে দায়িত্ব পালন করবেন সভাপতি স্বপদের দায়িত্ব ভার গ্রহন না করা পর্যন্ত তিনি এ দায়িত্ব পালন করিবেন একইভাবে সিনিয়র সহ-সভাপতি এবং সহ-সভাপতি (হিসাব) পদে শূন্যতা দেখা দিলে সহ-সভাপতি (প্রশাসন) শূন্যপদে দায়িত্ব পালন করিবেন। সহ-সভাপতি (প্রশাসন) পদে সাময়িক শূন্যতা দিলে সহ-সভাপতি (হিসাব) স্ব-দায়িত্বের অতিরিক্ত হিসাবে দায়িত্ব পালন করিবেন স্থায়ী ভাবে শূন্য হলে কার্যনির্বাহী সদস্যের মধ্য থেকে যোগ্যতম ব্যাক্তি দ্বারা পূরণ করতে হবে। কার্যনির্বাহী কমিটির সদস্য পদে শূণ্যতা দেখা দিলে কার্যনির্বাহী কমিটির সাধারন সদস্য দ্বারা পূরনের সিদ্ধান্ত নিতে হইবে। | কার্যনির্বাহী কমিটির সংশোধিত পদ বিন্যাশ অনুযায়ী শূন্য পদ্ পূরণের বিধান এবং ধারাবাহিকতা স্পষ্টকরণের জন্য সংশোধন |

এম এ সাঈদ
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক ও বিপণন সমিতি

(এম এ সাঈদ)
সভাপতি (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রক মুদ্রক সমিতি